**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 06-05-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**FLS-2026 :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, আজ ও আগামীকাল কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক পরিচালিত Foundational Learning Study -র সমীক্ষা প্রক্রিয়া রাজ্যের নির্বাচিত ১২৭টি বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। তিনি বলেন, এই সমীক্ষার মূল উদ্দেশ্য হলো প্রাথমিকস্তরের শিক্ষার্থীদের ভিত্তিমূলক সাক্ষরতা ও সংখ্যাজ্ঞান সংক্রান্ত বর্তমান অবস্থা নিরূপণ করা। সমীক্ষার মাধ্যমে প্রাপ্ত তথ্য জাতীয় শিক্ষানীতির আলোকে শিক্ষার গুণগত মান উন্নয়ন ও ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণে সহায়ক হবে।

এই সমীক্ষায় রাজ্যের নির্বাচিত বিদ্যালয়গুলির চতুর্থ শ্রেণির শিক্ষার্থীরা অংশগ্রহণ করবে। শিক্ষার্থীদের শিক্ষাগত অগ্রগতি, পাঠ-বোঝার দক্ষতা এবং মৌলিক গণিত দক্ষতা মূল্যায়নের জন্য এই সমীক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজ্যে এই সমীক্ষার সফল বাস্তবায়নের জন্য SCERT-এর অধিকর্তা ও সমগ্র শিক্ষার রাজ্য প্রকল্প অধিকর্তা State Level Coordinator হিসেবে দায়িত্ব পালন করবেন।

**********************

**ADC :**

আজ সকাল ১১টায় এডিসি'র মুখ্য নির্বাহী সদস্য ও কার্যনির্বাহী সদস্যদের শপথ গ্রহন অনুষ্ঠান খুমুলুং-এর নুউাই অডিটোরিয়াম হলে অনুষ্ঠিত হবে| খুমুলুং-এ এডিসি'র কাউন্সিল ভবনে এডিসি'র নতুন চেয়ারম্যান এবং মুখ্য নির্বাহী সদস্য নির্বাচন গতকাল সম্পন্ন হয়েছে। তিপ্রা মথা দলের নব নির্বাচিত ২৪ জন সদস্য, চেয়ারম্যান পদে দামছড়া-জম্পুই আসন থেকে নির্বাচিত ভবরঞ্জন রিয়াং ও মুখ্য নির্বাহী সদস্য পদে বোধজংনগর-ওয়াকিনগর আসন থেকে নির্বাচিত রুনিয়েল দেববর্মাকে আনুষ্ঠানিকভাবে নির্বাচিত করেন।

*************************

**The Union Cabinet Decisions :**

ভারতে তুলো সংক্রান্ত ক্ষেত্রের সমস্যা সংকুলতা, কম হারে অগ্রগতি এবং গুণগত মান সংক্রান্ত উদ্বেগ নিরসনের লক্ষ্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা ৫,৬০০ কোটি টাকারও বেশি বরাদ্দসহ 'কপাস কান্তি' বা 'তুলো উৎপাদনশীলতা মিশন' অনুমোদন করেছে। গতকাল নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠক শেষে এক সাংবাদিক সম্মেলনে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব একথা জানিয়েছেন৷ তিনি বলেছেন, এই মিশনটি সরকারের 'ফাইভ এফ' অর্থাৎ 'খামার থেকে তন্তু, কারখানা থেকে ফ্যাশন, এবং ফ্যাশন থেকে বিদেশ'—এই ভাবনার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ এবং এর মাধ্যমে তুলোর উৎপাদনশীলতা বৃদ্ধির উপর গুরুত্বারোপের লক্ষ্যমাত্রা রয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রিসভা একইসঙ্গে 'পঞ্চম পর্যায়ের জরুরি ঋণ-রেখা নিশ্চিতকরণ' বা 'ইমার্জেন্সি ক্রেডিট লাইন গ্যারান্টি স্কিম ফাইভ পয়েন্ট ও'তেও অনুমোদন দিয়েছে।কেন্দ্রীয় মন্ত্রী আরও জানিয়েছেন, পশ্চিম এশিয়ার সংকট থেকে উদ্ভূত

স্বল্পমেয়াদী তরল জ্বালানি সংকট মোকাবিলায় ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করার জন্য এই প্রকল্পের লক্ষ্য হলো ঋণ গ্যারান্টি সহায়তা প্রদান করা।

মন্ত্রিসভা ১০.২৫ শতাংশের মূল আদায় হারের উপর ভিত্তি করে ২০২৬-২৭ চিনি মরশুমের জন্য প্রতি কুইন্টাল আখের ন্যায্য ও লাভজনক মূল্য ৩৬৫ টাকা অনুমোদন করেছে বলে শ্রী বৈষ্ণব জানিয়েছেন | এর ফলে প্রায় ৫ কোটি আখ চাষী এবং চিনি কল ও সংশ্লিষ্ট আনুষঙ্গিক কার্যক্রমে নিযুক্ত প্রায় ৫ লক্ষ শ্রমিক উপকৃত হবেন বলে আশা ব্যক্ত করেন তিনি।এছাড়া ইন্ডিয়া সেমিকন্ডাক্টর মিশনের অধীনে আরও দুটি সেমিকন্ডাক্টর প্রকল্পে সম্মতি দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা ।

************************

**CM Meeting ;**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন এই সরকার জনগণের সরকার। মানুষের সমস্যা সমাধানে দপ্তরগুলিকে সর্বদা সজাগ ও সক্রিয় থাকতে হবে। গতকাল সচিবালয়ে রাজ্যের সাধারণ মানুষের স্বার্থে গৃহীত বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের অগ্রগতি এবং প্রশাসনিক তৎপরতা নিয়ে আয়োজিত পর্যালোচনা বৈঠকে একথা জানান তিনি। মুখ্যমন্ত্রী রাজ্যের ট্রাফিক ব্যবস্থা এবং আইন-শৃঙ্খলা রক্ষার ওপর বিশেষ গুরুত্বারোপ করেন। রাজ্যকে মাদক মুক্ত করার লড়াইয়ে কঠোর অবস্থান নিয়ে মুখ্যমন্ত্রী জানান, রেলপথে যাতে কোনোভাবেই মাদক প্রবেশ করতে না পারে সে বিষয়ে পুলিশ প্রশাসনকে সদা সক্রিয় থাকতে হবে। এছাড়া রাজ্যে নতুন মোটর স্ট্যান্ড তৈরির কাজ দ্রুত শেষ করতে পরিবহন আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়। পাশাপাশি নার্সিংহোম, রিহ্যাবিলিটেশন হোম এবং সাব-রেজিস্ট্রি অফিসগুলো যাতে সম্পূর্ণ দুর্নীতিমুক্ত

থেকে সঠিকভাবে পরিচালিত হয়, সে বিষয়েও তিনি আরক্ষা ও সংশ্লিষ্ট প্রশাসনকে তদারকির নির্দেশ দেন। জনস্বাস্থ্য ও শিক্ষা ব্যবস্থার মানোন্নয়নে মুখ্যমন্ত্রী ধলাই জেলার পরিস্থিতি নিয়ে বিস্তারিত খোঁজখবর নেন। এছাড়াও, রাজ্যের সার্বিক অগ্রগতির বিষয়ে পরিচালিত একগুচ্ছ কর্মসূচিও মুখ্যমন্ত্রী পর্যালোচনা করেন |

******************

**Charak Mela :**

আগামী ১৪ ও ১৫মে দু'দিনব্যাপী কাকড়াবন ব্লকের মেলাঘর টিলা বিদ্যালয়ের মাঠে চড়ক মেলা অনুষ্ঠিত হবে। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং  গোমতী জিলা পরিষদ আয়োজিত এ মেলাকে সাফল্যমন্ডিত করার জন্য গতকাল এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

*********************

**North East Under 14 Cricket :**

দ্বিতীয় উত্তরপূর্ব লিটল মাস্টার অনূর্ধ্ব ১৪ বছরের ছেলেদের ক্রিকেটের ফাইনালে ত্রিপুরা খেলবে আসামের বিরুদ্ধে। আগামীকাল হবে ফাইনাল। গতকাল আসরের দুটি সেমিফাইনাল খেলা হয়। নরসিংগড়ের পুলিশ ট্রেনিং একাডেমি মাঠে স্বাগতিক ত্রিপুরা ১৪৮ রানে মিজোরামকে এবং টি আই টি মাঠে আসাম ৯৯ রানে মণিপুরকে হারিয়ে দেয়।

*******************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় আকাশ সাধারণত মেঘলা থাকবে |রাজ্যের সবকটি জেলায় বজ্র বিদ্যুৎ এবং ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৪ শতাংশ।

*********************

*******************